দৈনিক সংবাদ

তারিখ 24 JUN 1997
পৃষ্ঠা ২ কলাম ৫

04

# শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের জন্য এক কোটি টাকা মঞ্জুর

সরকার বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের তহবিলে জমা দেয়ার জন্য শিক্ষক-কর্মচারীদের মে মাসের মূল বেতন থেকে ১ কোটি ৩ লাখ ৪৪ হাজার ৮শ ৮৮ টাকা ৬৯ পয়সা মঞ্জুর করেছেন। এই টাকা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টে জমা হবে।

উল্লেখ্য, বিগত বছরগুলোতে শিক্ষকরা এই কল্যাণ ট্রাস্ট চালু করার জন্য আন্দোলন করে আসছিলেন। শিক্ষকদের দাবির পরিপ্রেক্ষিতে বর্তমান সরকার প্রধান শেখ হাসিনা এই ট্রাস্ট জরুরি ভিত্তিতে চালু করার নির্দেশ দেন।

শিক্ষামন্ত্রী এএসএইচ কে সাদেকের উদ্যোগে ইতোমধ্যেই ট্রাস্ট পরিচালনার জন্য একটি কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হয়েছে। খবর সরকারি তথ্য বিবরণীর।